গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

নং-স্বাঃ/অধিঃ/হিসাব/জনস্বাস্থ্য ইনঃ চিকিৎসা ও শৈল্য চিকিৎসা/খাবার স্যালাইন উৎপাদন/২০২৫-২০২৬/ তারিখ:

অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, বাজেট-১-শাখা,ঢাকা স্মারক নম্বরঃ ৪৫.০০.০০.০০.১৩৯.০০২.২০২১(অংশ-১)-১১২৩, তাং-১৭/০৬/২০২৬ ইং এর মাধ্যমে জনস্বাস্থ্য ইনষ্টিটিউট এর অনুকুলে খাবার স্যালাইন উৎপাদন ও বিতরণ ইউনিট এ কাঁচামাল ক্রয়ের নিমিত্ত = ৫,৪৬,৯৯ ০০০/- (পাঁচ কোটি ছেচল্লিশ লক্ষ নিরানব্বই হাজার) টাকা ছাড়ের পূর্বে The Public Procurement Act-2006 এবং The Public Procurement Rules 2008/2025 অনুসরনপূর্বক স্ববর্তীয় আর্থিক বিধিবিধান ও নিয়মাচার যথাসময়ে পালনপূর্বক ক্রয় করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করে প্রতিবেদন ও নিম্নবর্ণিত তথ্যাদি দ্রুত সুস্পষ্ট মতামত প্রেরনের জন্য অনুরোধ করিয়াছেন।

পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী ঢাকা এর বিরুদ্ধে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন ০৭(সাত) কর্মদিবসের মধ্যে প্রেরনের জন্য নিম্নে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হইল।

১. পরিচালক, ডেন্টাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ---------------------------------- সভাপতি।
২. উপপরিচালক, অডিট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ------------------------------------সদস্য।
৩. সহকারী পরিচালক, হাসপাতাল-২, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ------------------ সদস্য সচিব।

<u>উক্ত কমিটি তদন্তের ক্ষেত্রে নিম্নোলিখিত বিষয়গুলি পর্যবেক্ষণ সাপেক্ষে মতামত প্রদান করবেন</u>।

১. ২০২২-২০২৩ অর্থবছরে টেন্ডার প্রক্রিয়ায় মালামাল ক্রয় করা হয় নাই।
২. ২০২৩-২০২৪ অর্থবছরে টেন্ডার প্রক্রিয়ায় মালামাল ক্রয় করা হয়েছে কিন্তু iBASS++ এ চিকিৎসা ও শৈল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ কোডনং- ৩২৫২১০৫ এর বিপরীতে ৭,০০,০০,০০০/- (সাত কোটি) টাকা অবশিষ্ট রয়েছে এক্ষেত্রে কিভাবে বিল পরিশোধ করা হয়েছে তাহা সুস্পষ্ট নয়।
৩. স্টক রেজিষ্টারে মালামাল গুলো লিপিবদ্ধ করা হয়েছে কিনা, স্টক থেকে ডিস্টিবিউশন পর্যন্ত সাপ্লাই চেইন যথাযথভাবে বজায় ছিল কিনা, যে পরিমাণ মালামাল ক্রয় করা হয়েছে সে অনুপাতে খাবার স্যালাইন উৎপাদন ও বিতরণ হয়েছে কিনা এ বিষয়গুলো সরেজমিনে সার্ভে করা ব্যতীত মতামত দেয়া সমীচিন নয়।
৪. বিগত ০৪(চার) অর্থবছরেই একক ঠিকাদারী প্রতিষ্ঠান আল আমিন ট্রেডিং হতে মালামাল ক্রয়ের সুস্পষ্ট কারন উল্লেখ করা হয় নাই।
৫. অতএব বিগত ০৪(চার) অর্থবছরের বর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্তে যাবতীয় আর্থিক বিধি বিধান ও নিয়মাচার পালনপূর্বক ক্রয় করা হয়েছে কিনা তা যাচাই বাছাই করে যথাযথ মতামত প্রদান সহ প্রতিবেদন ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

ডাঃ মোহাম্মদ রুবাইয়াত বিন করিম
উপ পরিচালক (অর্থ)
ও ভারপ্রাপ্ত পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

কার্যার্থেঃ

১. পরিচালক, ডেন্টাল, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ---------------------------------- সভাপতি।
২. উপপরিচালক, অডিট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ------------------------------------সদস্য।
৩. সহকারী পরিচালক, হাসপাতাল-২, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ------------------ সদস্য সচিব।

ইহাতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রহিয়াছে।

নং-স্বাঃ/অধিঃ/হিসাব/জনস্বাস্থ্য ইনঃ চিকিৎসা ও শৈল্য চিকিৎসা/খাবার স্যালাইন উৎপাদন/২০২৫-২০২৬/ তারিখ:

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ</u>

১.মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);।
২.সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩.মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ সহকারী পরিচালক (সমন্বয়)
৪. অতিরিক্ত সচিব (বাজেট), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫. অতিরিক্ত সচিব (উন্নয়ন), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (বাজেট), এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্মসচিব (ক্রয় ও সংগ্রহ অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯.পরিচালক, প্রশাসন/পরিকল্পনা ও গবেষণা, হাসপাতাল/রোগ নিয়ন্ত্রণ, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০.পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা (স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১.যুগ্ম সচিব, বাজেট-৪, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

ডাঃ শারমিন আলম
সহকারী পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।